গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ

বাংলাদেশ রেলওয়ে

রেলভবন, ঢাকা।

নং- ৫৪.০১.২৬০০.০০৫.২৭.০৩৫.১৫ (পার্ট-২) তারিখঃ ২২-০৯-২০২০।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র সভা ২০.০৯.২০২০ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)-এর কক্ষে (কক্ষ নং-৩০২) রেলভবন, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

22.09.2020

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা-৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিঃ মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিঃ মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। অতিঃ মহাপরিচালক (অপারেশন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। অতিঃ মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। মহাব্যবস্থাপক/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৬। মহাব্যবস্থাপক/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
৭। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮। সিপিএলও, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯। সিএসটিই (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
১০। রেক্টর, রেলওয়ে ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।
১১। সিইও (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
১২। ডিআরএম (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে।
১৩। পরিচালক (সংস্থাপন, অর্থ, মেকানিক্যাল, প্রকৌশল, সংগ্রহ, পরিবহন ও জনসংযোগ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৪। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) সদর
ডিডি (টেলিকম)
ডিডি (সিগঃ), এডি (আইটি)

৭৮১২ ৮।১।২১

SSAE (Tel)

e.suddechar cousul

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের 'নৈতিকতা কমিটি'র অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত মহাপরিচালক (মার্কেটিং এন্ড কর্পোরেট প্ল্যানিং), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ২০.০৯.২০২০ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা।
স্থান : অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)'র কক্ষ (কক্ষ নং-৩০২), রেলভবন, ঢাকা।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে এসপিএলও-০৩ সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।এসপিএলও-০৩ জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অন্তর্গত নৈতিকতা কমিটির প্রতি তিন মাস অন্তর একবার সভায় মিলিত হয়ে শুদ্ধাচার অগ্রগতি পর্যালোচনা করতে হবে। এই কর্মসম্পাদন সূচকের অংশ হিসেবে প্রথম কোয়ার্টারের সভা আয়োজন করা হয়েছে।

৩.০। সভায় ২০২০-২১ অর্থ-বছরের বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত **সাধারণ সিদ্ধান্ত** গৃহীত হয়।

(৩.১) বিভাগ/দপ্তর/আঞ্চলিক প্রধানগণ আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবেন।

(৩.২) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৩) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনায় সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, পরস্পর নির্ভরশীল বিভাগ/দপ্তরসমূহ পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

৪.০। ২০২০-২১ অর্থ-বছরের জন্য প্রণীত বাংলাদেশ রেলওয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার আইটেমভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, NIS কর্ম-পরিকল্পনায় প্রতি কোয়ার্টারে ১টি করে সভা অনুষ্ঠান অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি বলেন যে, যথাসময়ে সভা করে সিদ্ধান্ত পরিপালনের ব্যবস্থা নিতে হবে। | নিয়মিত সভা করতে হবে ও সিদ্ধান্ত পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি(আই, আরএস, ওপি, এমএন্ডসিপি ও অর্থ)<br>-জিএম (পূর্ব ওপশ্চিম)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ২.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, NIS কর্ম-পরিকল্পনায় অংশীজনের অংশগ্রহণে ২টি সভা (রেল পরিসেবার উন্নয়ন/সম্প্রসারণ ইত্যাদি বিষয়) অনুষ্ঠান অন্তর্ভুক্ত রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০.১২.২০২০ তারিখের মধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয় অনুষ্ঠিত সভার ২য় | NIS কর্ম-পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহবান করতে হবে ও সিদ্ধান্ত পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (অপারেশন)<br>-পরিচালক(পরিবহন) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কোয়ার্টার পর্যন্ত ন্যূনতম ৫০% সিদ্ধান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | | |
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | এডিজি (এমএন্ডসিপি) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যক। ২০২০-২১ অর্থবছরে মোট ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করার জন্য রেক্টর আরটিএ, পরিচালক(সংস্থাপন) সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন তথা এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রতি কোয়ার্টারে ৭৫ জনের প্রশিক্ষণের সংস্থান রয়েছে। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক(সংস্থাপন) |
| ৩.১ | বিদ্যমান রেলওয়ে আইনের হালনাগাদ খসড়া প্রণয়ন | বিদ্যমান রেলওয়ে আইনের (রেলওয়ে আইন'১৮৯০) হালনাগাদ প্রণয়নের লক্ষ্যে আইআইএফসি'র সাথে ০৫.০৭.২০২০ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। চুক্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। | বিদ্যমান রেলওয়ে আইনের (রেলওয়ে আইন'১৮৯০) হালনাগাদ খসড়া প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক(সংস্থাপন) |
| ৩.২ | Centralized Traffic Control (CTC) ব্যবস্থা বাস্তবায়ন | CTC ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে এডিজি(অপারেশন) কাজ করছেন | CTC ব্যবস্থা বাস্তবায়ন কার্যক্রমটি সম্পাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (অপারেশন)<br>-পরিচালক(পরিবহন)<br>-এডিজি (এমএন্ডসিপি) |
| ৪.১ | সেবা-সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | বাংলাদেশ রেলওয়ের কর্পোরেট ই-মেইল তালিকা সহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্ব স্ব তথ্য বাতায়নে টোল ফ্রি নম্বরসমূহ দৃশ্যমানকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি(এমএন্ডসিপি)<br>-সিএসটিই(টেলকম) |
| ৪.২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সভাপতি জানান যে, ১ম কোয়ার্টারের 'শুদ্ধাচার সেবাবক্স'-এ শুদ্ধাচার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য আপডেট করতে হবে। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে 'শুদ্ধাচার সেবাবক্স'-এ শুদ্ধাচার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি)<br>-সিএসটিই (টেলিকম) |
| ৪.৩ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'তথ্য অধিকার সেবাবক্স'-এ তথ্য অধিকার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করার নির্দেশ প্রদান করা হয়। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে 'তথ্য অধিকার সেবাবক্স'-এ তথ্য অধিকার সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/ তথ্য সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | - সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স'-এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করার নির্দেশ প্রদান করা হয়। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংযোজিত 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স'-এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত হালনাগাদ ডকুমেন্ট/তথ্য সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৪.৫ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | সভাপতি বাংলাদেশ রেলওয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন | বাংলাদেশ রেলওয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (সংস্থাপন) |
| ৫.১ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ | ৩১.০৪.২০২১ তারিখের মধ্যে উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | -এডিজি (এমএন্ডসিপি) |
| ৫.২ | অনলাইন সিষ্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | সভাপতি জানান যে, প্রতি কোয়ার্টারে অনলাইন সিষ্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | -সিএসটিই (টেলিকম)<br>-পরিচালক (পরিবহন)<br>-পরিচালক(সংস্থাপন)<br>-পরিচালক (অর্থ) |
| ৬.২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | সভাপতি জানান যে, ২০২০-২১ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের মধ্যে ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত ন্যূনতম ২৫% (ক্রমপুঞ্জিত) পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ২০২০-২১ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের মধ্যে ন্যূনতম ২৫% (ক্রমপুঞ্জিত) পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সংশ্লিষ্ট পরিদর্শন টিম |
| ৬.৩ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | পরিদর্শন টিম কর্তৃক চলমান প্রকল্পসমূহ পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ ১ম কোয়ার্টারের জন্য নির্ধারিত ন্যূনতম ২০% (ক্রমপুঞ্জিত) সুপারিশ বাস্তবায়নের নির্দেশ প্রদান করা হয়। | পরিদর্শন টিম কর্তৃক প্রকল্পের পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| ৭.১ | ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশের তথ্য উপাত্ত আগামী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। | ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশের তথ্য উপাত্ত আগামী সভায় উপস্থাপন করতে হবে। | -সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তা |
| ৭.২ | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | এপিপি অনুসারে ১ম কোয়ার্টার পর্যন্ত ২০% ক্রয় কাজ ই-টেন্ডারের মাধ্যমে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত পরিসংখ্যান/প্রতিবেদন (মোট প্যাকেজ সংখ্যা ও কতটি ই-জিপি করা হয়েছে) এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়। | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন সংক্রান্ত পরিসংখ্যান/প্রতিবেদন (মোট প্যাকেজ সংখ্যা ও কতটি ই-জিপি করা হয়েছে) এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তা<br>-পরিচালক (সংগ্রহ) |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সভায় দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান যে, বাংলাদেশ রেলওয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদ ফরমেটে যথাসময়ে হবে বলে আশা করা যায়। | বাংলাদেশ রেলওয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদ ফরমেটে প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে। | -এডিজি (অপারেশন) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮.২ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন | প্রযোজ্য ক্ষেত্রে শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন (প্রতি কোয়ার্টারে ন্যূনতম ৩টি) করে কাজের গুণগত মান যাচাই ও বিদ্যমান সমস্যা থাকলে তা চিহ্নিত করা এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের গুরুত্বারোপ করা হয়। | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন করে কাজের গুণগত মান যাচাই এবং বিদ্যমান সমস্যা থাকলে তা চিহ্নিত করতে হবে। অধিকন্তু পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সকল এডিজি<br>-জিএম/পূর্ব ও পশ্চিম<br>-সকল বিভাগীয় প্রধান |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | সভায় সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর নির্দেশ নং ৮৮-৯৯ অনুযায়ী ন্যূনতম ০৫% দাপ্তরিক নথির শ্রেণি বিন্যাসকরণের নির্দেশনা প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক নথির শ্রেণি বিন্যাসকরণ করতে হবে। | -সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ৮.৫ | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | লক্ষ্যমাত্রা অনুযায়ী নথি বিনষ্টকরণের জন্য সকল দপ্তর প্রধানকে পত্র প্রেরণ করার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নথি বিনষ্টকরণের জন্য সকল দপ্তর প্রধানকে পত্র প্রেরণ করতে হবে। | -সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ৮.৬ | প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন। | সভায় ২টি গণশুনানী আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | ২টি গণশুনানী আয়োজন করে প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি) |
| ৯.১ | রেলওয়ে সেবা সপ্তাহ আয়োজন | সভায় ২য় কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মতামত প্রকাশ করা হয়। | ২য় কোয়ার্টারে সেবা সপ্তাহ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (ওপি), |
| ৯.২ | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম | প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। | প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | -এডিজি (ওপি), সকল জিএম ও ডিআরএম |
| ৯.৩ | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে ন্যূনতম ২০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করা প্রয়োজন। | প্রতি কোয়ার্টারে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনার প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি(আই)<br>-সিইও(পূর্ব ও পশ্চিম) |
| ৯.৪ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র বিলিকরণ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র (ন্যূনতম ২০০০) বিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণের মতামত ব্যক্ত করা হয়। | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারপত্র (ন্যূনতম ২০০০) বিলিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন এডিজি (এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। | -এডিজি (ওপি)<br>-সকল জিএম ও ডিআরএম |
| ৯.৫ | রেলভবন, ঢাকায় ডিজিটাল হাজিরা চালুকরণ | রেলভবন, ঢাকায় ডিজিটাল হাজিরা পরীক্ষামূলকভাবে চালু রয়েছে। উদ্বোধনের পর চূড়ান্তভাবে চালু করা হবে। | রেলভবন, ঢাকায় ডিজিটাল হাজিরা চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএসটিই (পূর্ব) |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১.১ | কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশের উন্নয়ন করা প্রয়োজন। | স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশের উন্নয়ন করতে হবে। | -সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ১১.২ | শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রথম কোয়ার্টারে ০১ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | এডিজি (অর্থ) লক্ষয়মাত্রা মোতাবেক বরাদ্দ প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | -এডিজি (অর্থ) |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ | নিয়মিত ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। | নিয়মিত ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | -সিএসটিই(টেলিকম)<br>-এডিজি (এমএন্ডসিপি) |
| ১৩.৩ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করা প্রয়োজন। এডিজি(এমএন্ডসিপি) প্রাপ্ত বাস্তবায়ন প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এডিজি(এমএন্ডসিপি)'র দপ্তরে প্রেরণ করতে হবে। এডিজি(এমএন্ডসিপি) প্রাপ্ত বাস্তবায়ন প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | -এডিজি (এমএন্ডসিপি) |

৫.০। পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করার অনুরোধ জানিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

20.0২.20

(এ. কে. এম. আব্দুল্লাহ আল বাকী)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)